

# প্রজাস্বত্বের শর্তাবলী

মে 2009



# সূচীপত্র

লন্ডনের ওয়ালথাম ফরেস্ট বারে স্বাগতম.....	2
আপনার প্রজাস্বত্বের শর্তাবলীর বিষয়ে.....	3
বিভাগ 1 - ভাড়াটের দায়িত্ব.....	6
■ ব্যক্তিগত পরিচয়ের ছবি.....	6
■ ভাড়া দেওয়া.....	6
■ বকেয়া টাকা দেওয়া.....	6
■ আপনার গৃহ ব্যবহার করা.....	6
■ আপনার পরিবারের পরিবর্তন জানানো.....	7
■ এই প্রজাস্বত্ব হস্তান্তরিত করার বাধানিষেধ.....	7
■ ঠিকি দেওয়া এবং উপভাড়াটে.....	7
■ আপনার গৃহের অবস্থা.....	7
■ মেঝের আস্তরণ.....	8
■ বাগান.....	8
■ আগুনের ঝুঁকি, গ্যাস সিলিণ্ডার এবং মোম.....	9
■ জঞ্জাল এবং রিসাইকেল করা.....	9
■ সার্বজনীন জায়গা এবং সিঁড়ি পরিষ্কার করা.....	9
■ লফ্‌টের জায়গা.....	10
■ পোষা জীব.....	10
■ আচরণ.....	10
■ পরিষদের অনুমোদিত মানুষদের আপনার গৃহে আসতে দেবার অনুমতি.....	12
■ পরিষদকে মেরামতের বিষয়ে জানানো.....	12
■ ফ্ল্যাট থেকে জিনিস ছোড়া.....	12
■ আপনার অজানা মানুষকে ঢুকতে দেওয়া.....	13
■ কার পার্কিংয়ে অন্য গাড়ী রাখা এবং গাড়ীর মেরামত.....	13
■ আপনার প্রজাস্বত্বের শেষে.....	14
বিভাগ 2 - আপনার অধিকারগুলি.....	15
■ পরিষদের কর্মচারী, তাদের পরিচালন প্রতিনিধি এবং ঠিকাদারদের শনাক্তকরণ.....	15
■ মেরামত.....	15
■ রদবদল করা এবং মেরামত করা.....	16
■ আপনার হিটিং খারাপ হয়ে গেলে ভাড়া থেকে ছাড়.....	16
■ এই চুক্তির সমাপ্তি.....	16
■ এই চুক্তির পরিবর্তন.....	17
বিভাগ 3 - আপনার এবং পরিষদের মধ্যে অতিরিক্ত চুক্তি.....	18
■ ভাড়ার পরিবর্তন.....	18
■ বিজ্ঞপ্তি দেওয়া.....	18
■ যৌথ এবং একক দায়.....	18

■ ‘সেট অফ’ করার জন্য পরিষদের অধিকার.....	18
■ পরিষদের দ্বারা উন্নতি এবং রদবদল.....	18
■ আপনি যদি মারা যান এবং প্রজাস্বত্ব নিজে থেকে আপনার উত্তরসূরির কাছ না যায়.....	19
বিভাগ 4 - পরিষদের পরিচালন প্রতিনিধি.....	20
অনুবাদের অনুরোধ.....	21

# লন্ডনের ওয়ালথাম ফরেস্ট বারে স্বাগতম

আমরা চাই আপনি আপনার ওয়ালথাম ফরেস্ট পরিষদের গৃহে বাস করা উপভোগ করুন।

আমরা বিশ্বাস করি আপনার প্রজাস্বত্বের শুরুতে আপনি আমাদের কাছে কী প্রত্যাশা করতে পারেন এবং তার পরিবর্তে আপনার প্রজাস্বত্ব থাকাকালীন আমরা আপনার কাছে কী প্রত্যাশা করব তা আমাদের স্পষ্ট করে বলা জরুরি। আপনার প্রজাস্বত্বের চুক্তির অধীন এই দলিল ভাড়াটে হিসাবে আপনার অধিকার এবং দায়িত্বসমূহ এবং বাড়িওলা হিসাবে আমাদের দায়িত্বসমূহ উল্লেখ করে।

আপনার গৃহ এবং আমাদের প্রদান করা পরিষেবা যাতে উচ্চমানের হয় তা নিশ্চিত করার জন্য আমরা দায়বদ্ধ। আমরা চাই আপনি একটি অসামাজিক আচরণমুক্ত শান্ত পাড়ায় বাস করেন। আমরা প্রত্যাশা করি আপনি আপনার গৃহের যত্ন নেন এবং আপনার প্রতিবেশীদের সাথে সেইরকম ব্যবহার করবেন আপনি তাদের কাছ থেকে যেমন ব্যবহার পেতে চান। আপনাকে অবশ্যই সময়মত ভাড়া এবং পরিষেবার মাশুল দিতে হবে।

এগুলি হচ্ছে যথাযথ প্রত্যাশা। এই চুক্তির অধীন আমরা যদি আমাদের দায়িত্ব পালন করতে ব্যর্থ হই, আমরা আশা করব আপনি আমাদের তা জানাবেন এবং তা পূরণ করার জন্য আমাদের সুযোগ দেবেন। আপনি যদি চুক্তি ভঙ্গ করেন আমরা আপনাকে তা জানাবো এবং তা সংশোধন করার জন্য আপনাকে সুযোগ দেব। আপনি যদি সেই সুযোগ নিতে ব্যর্থ হন তাহলে আমরা আইনী ব্যবস্থা নেব এবং আপনি আপনার গৃহ হারাতে পারেন।

পরিষদের মতে, আপনি, অথবা আপনার পরিবারের সদস্য(রা), অথবা দর্শনার্থী(রা), যদি আপনার প্রজাস্বত্ব চুক্তি খুব গুরুতরভাবে লঙ্ঘন করে (যেমন, আপনার গৃহ মাদকদ্রব্য ব্যবহার জন্য ব্যবহার করলে অথবা ব্যবহার করতে দিলে, মারাত্মক আক্রমণ করলে অথবা আপনার গৃহ দেহ ব্যবহার কাজে লাগালে অথবা অন্য বেআইনী উদ্দেশ্যে ইত্যাদি) পরিষদ আপনাকে সামলে নেবার সুযোগ নাও দিতে পারে এবং অবিলম্বে উচ্ছেদ প্রণালী শুরু করতে পারে।

আমরা মনে করি এই কঠোর মনোভাব আমাদের সমস্ত বাসিন্দারা যাতে শান্ত এবং নিরাপদ জায়গায় বাস করতে পারে, পরিষদের প্রজাস্বত্বের উপকার উপভোগ করতে পারে এবং তাদের পরিবেশে খুশি হতে পারে তা নিশ্চিত করার জন্য একদম সঠিক। আমরা আমাদের সমস্ত বাসিন্দাদের জন্য সাধারণ জীবনের মান উন্নত করতে চাই।

যেহেতু এটি একটি গুরুত্বপূর্ণ দলিল, তাই অনুগ্রহ করে এটি যত্ন সহকারে পড়বেন এবং এই দলিল ও আপনার প্রজাস্বত্বের চুক্তি একসাথে একটি নিরাপদ জায়গায় রাখতে ভুলবেন না।

# আপনার প্রজাস্বত্বের শর্তাবলীর বিষয়ে

## আপনার প্রজাস্বত্বের শর্তাবলী

এই পুস্তিকা আপনার প্রজাস্বত্বের শর্তাবলী উল্লেখ করে। আপনি যদি 4 মে, 2009 তারিখে পরিষদের একজন বিদ্যমান ভাড়াটে হন, তাহলে আপনার প্রজাস্বত্বের শর্তাবলী সম্পূর্ণ বদলে যাবে, কোন ব্যতিক্রম ছাড়া, এই পুস্তিকার পৃষ্ঠা 5 থেকে 16-র মধ্যে যে শর্তগুলি উল্লেখ করা আছে তা দিয়ে।

## প্রজাস্বত্বের রকম

পরিষদ প্রজাস্বত্বের 2টি প্রধান ধরণ আছে

সেগুলি হচ্ছে :

- একটি পরিচায়ক প্রজাস্বত্ব এবং
- একটি সুরক্ষিত প্রজাস্বত্ব

যখন আপনার প্রজাস্বত্ব অনুমোদন করা হবে, আপনার প্রজাস্বত্বের চুক্তি সুনিশ্চিত করবে আপনাকে একটি পরিচায়ক অথবা সুরক্ষিত প্রজাস্বত্ব দেওয়া হয়েছে কিনা।

## পরিচায়ক প্রজাস্বত্ব

একজন পরিচায়ক ভাড়াটে হিসাবে একজন সুরক্ষিত ভাড়াটের তুলনায় আপনার কম আইনী অধিকার থাকে। এইগুলি নিম্নলিখিত মার্কার/সাইনপোস্টের সাহায্যে নীচে দেওয়া এই পুস্তিকার মধ্যে স্পষ্টভাবে দেখানো আছে:

**পরিচায়ক ভাড়াটেদের এই অধিকারটি নেই।  
আপনি এই অধিকারটি পাবেন যদি আপনি একজন সুরক্ষিত ভাড়াটে হয়ে যান।**

আপনি যদি একজন পরিচায়ক ভাড়াটে হন, তাহলে প্রজাস্বত্ব চুক্তির সামনের বিভাগটি সম্পূর্ণ করা হবে এবং প্রদর্শন করবে কখন পরিচায়ক প্রজাস্বত্ব সমাপ্ত হবে যদি এই চুক্তি ভঙ্গ না করা হয়।

আপনার পরিচায়ক প্রজাস্বত্ব হচ্ছে একটি যাচাই করার সময়। আপনাকে অবশ্যই আমাদের দেখাতে হবে এই সম্পত্তি রাখার জন্য আপনি দায়িত্বশীল। এটা করার জন্য আপনি অবশ্যই :

- অসমাজিক আচরণ করবেন না, উপদ্রব সৃষ্টি করবেন না অথবা অন্য মানুষদের বিকর্ত করবেন না;
- সময়মত ভাড়া দেবেন;
- সম্পত্তির যত্ন নেবেন; এবং
- এই দলিলে উল্লেখিত বাকি শর্তাবলী মেনে চলবেন।

আপনি যদি আপনার প্রজাস্বত্বের শর্তাবলী না মানেন, তাহলে পরিচায়ক ভাড়াটে হিসাবে আপনাকে আরো দ্রুত এবং আরো অনায়াসে উচ্ছেদ করা যাবে একজন সুরক্ষিত ভাড়াটের তুলনায়।

আপনি যদি আপনার পরিচায়ক প্রজাস্বত্বের শর্তাবলী না মানেন, তাহলে আপনার পরিচায়ক প্রজাস্বত্বের মেয়াদ বাড়তি হয় মাস বাড়িয়ে দেওয়ার বিকল্পও পরিষদের আছে।

আপনাকে উচ্ছেদ করার পূর্বে অথবা আপনার পরিচায়ক প্রজাস্বত্ব বাড়িয়ে দেবার পূর্বে পরিষদকে অবশ্যই আপনাকে তাদের অভিপ্রায় জানাতে হবে। আপনাকে উচ্ছেদ করার অথবা পরিচায়ক প্রজাস্বত্বের সম্প্রসারণের সিদ্ধান্ত পুনর্বিচার করার জন্য আপনার অনুরোধ করার অধিকার আছে।

পরিষদ একটি উচ্ছেদ আদেশের জন্য আদালতের কাছেও আবেদন করতে পারে। পরিষদকে অবশ্যই আপনাকে বলতে হবে কেন তারা আপনাকে উচ্ছেদ করেছে এবং এই সিদ্ধান্ত পুনর্বিচার করাবার জন্য আপনার অনুরোধ করার অধিকার আছে, কিন্তু পরিষদকে আদালতে প্রমাণ করতে হবে না যে আপনাকে যথাযথ উচ্ছেদ করা হচ্ছে।

যদি পরিষদ আপনার পরিচায়ক প্রজাস্বত্বের সম্প্রসারণের জন্য অথবা আপনার গৃহের ভোগদখলের জন্য কোন পদক্ষেপ না নেয়, আপনি স্বয়ংক্রিয়ভাবে একজন সুরক্ষিত ভাড়াটেতে পরিণত হবেন আপনার প্রজাস্বত্ব চুক্তিতে লেখা তারিখ থেকে।

আপনি 'ইন্টোডাক্টরি টেন্যান্সি গাইড' পুস্তিকা পড়েছেন এবং বুঝেছেন তা নিশ্চিত করবেন। পরিষদকে আপনাকে উচ্ছেদ করার জন্য যে প্রণালী অনুসরণ করতে হবে তার বর্ণনা এতে আছে। আমাদের অভ্যর্থনা এলাকায় অথবা আপনার টেনেন্ট সার্ভিসেস অফিসার-এর কাছে এর নকল পাওয়া যাবে।

একজন পরিচায়ক ভাড়াটে থাকাকালীন যদি আপনি মারা যান, তাহলে যে ব্যক্তি আপনার প্রজাস্বত্ব 'নেবার জন্য' যোগ্য সেও একজন পরিচায়ক ভাড়াটে হবে। তারা এই চুক্তির সামনে লেখা তারিখে একজন সুরক্ষিত ভাড়াটেতে পরিণত হবে অবশ্য যদি পরিষদ পরিচায়ক প্রজাস্বত্ব সমাপ্ত অথবা সম্প্রসারিত করার জন্য পদক্ষেপ না নেয়।

## সুরক্ষিত প্রজাস্বত্ব

আপনি যদি লন্ডনের ওয়ালথাম ফরেস্ট-এর অন্য একটি বার থেকে বাড়ি পাল্টান একজন সুরক্ষিত ভাড়াটে হিসাবে অথবা আপনি যদি আবাসন সমিতির মত একটি নথিভুক্ত সামাজিক বাড়িওয়ালার কাছ থেকে একজন সুরক্ষিত ভাড়াটে হিসাবে আসেন, আপনার প্রজাস্বত্ব সরাসরি সুরক্ষিত হবে। আপনাকে একজন পরিচায়ক ভাড়াটে হতে হবে না।

আপনি যদি একজন সুরক্ষিত ভাড়াটে হন, তাহলেও আপনাকে অবশ্যই দায়িত্বের সাথে আচরণ করতে হবে এবং এই চুক্তির নিয়মগুলি মেনে চলতে হবে। আপনি তা না করলে, আদালতের কাছে আবেদন করে সম্পত্তির ভোগদখল ফিরিয়ে নেবার অথবা আপনার সুরক্ষিত প্রজাস্বত্ব একটি কম অধিকারসহ নীচুপদের প্রজাস্বত্বে নামিয়ে দেবার অধিকার পরিষদের আছে (এটাকে বলা হয় ডিমোটেড টেন্যান্সি)। আদালতে যাবার পূর্বে, কাউন্সিলকে ভোগদখল নেবার জন্য আপনাকে নোটিস দিতে হবে (যদি না আদালত মনে করে এটা না করা যুক্তিসংগত) অথবা আপনার প্রজাস্বত্ব নীচুপদে নামানোর অভিপ্রায়ের একটি নোটিস দিতে হবে, নোটিস দেবার জন্য আমাদের কারণগুলি উল্লেখ করে। পরিষদকে আদালতকে সন্তুষ্ট করতে হবে যে আপনাকে উচ্ছেদ করার অথবা আপনার প্রজাস্বত্বের অবনতি করার জন্য ভাল কারণ আছে। এগুলিকে বলা হয় 'গ্রাউণ্ডস' এবং এর সংজ্ঞা আইনে আছে। পরিষদকে আদালতকে প্রনোদিতও করতে হবে যে আপনাকে উচ্ছেদ করা যুক্তিসংগত ছিল। আদালতের শুনানিতে আপনার বক্তব্য রাখার অধিকার থাকবে। একজন বিচারক তখন সিদ্ধান্ত নেবেন পরিষদ আপনাকে উচ্ছেদ করতে অথবা আপনার প্রজাস্বত্বের পদ নামাতে পারে কিনা।

আপনি যদি একজন সুরক্ষিত ভাড়াটে থাকাকালীন মারা যান, এবং একজন ব্যক্তি আপনার প্রজাস্বত্ব নেবার যোগ্য, তাহলে তারা অবিলম্বে একজন সুরক্ষিত ভাড়াটে হবে। উত্তরাধিকার অধিকারের আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে "সাকসেশন গাইড"-এর একটি নকলের জন্য অনুরোধ করুন।

## 18 বছরের কম বয়স্ক ব্যক্তিকে প্রজাস্বত্ব মঞ্জুর করা

18 বছরের কম বয়স্ক কাউকে দেওয়া কোন প্রজাস্বত্বের শর্ত হচ্ছে যে একজন দায়িত্বশীল ব্যক্তিকে একজন অছি হিসাবে তাদের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর দিতে হবে। সেই ব্যক্তি স্বীকার করেছে যে এই চুক্তির অধীন কোন নোটিস অথবা টাকা দেবার তাগাদা দেওয়া অছির কাছে দেওয়া যেতে পারে যতক্ষণ না ভাড়াটের বয়স 18 হয়।

## পরিষদের পক্ষে কর্মরত সংস্থাসমূহ

এই চুক্তির অধীন পরিষদের কিছু অধিকার এবং দায়িত্ব পরিষদের পক্ষে অন্য সংস্থা প্রয়োগ অথবা প্রদান করতে পারে। ঐ সংস্থাগুলি পরিষদের পক্ষে এই চুক্তি বলবৎ করতে পারে বকেয়া টাকা আদায়সহ।

## আপনার প্রজাম্বলের শর্তাবলী

পরিষদ আপনাকে গৃহ ভাড়া দেয় এবং আপনি সাপ্তাহিক প্রজাম্বলের উপর ভাড়া দেন সেই তারিখ থেকে যেটা টেন্যান্সি, কমেন্টসমেন্ট ডেট হিসাবে নির্দিষ্ট করা আছে নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষ :

# বিভাগ 1:

## ভাড়াটের দায়িত্বসমূহ

### ব্যক্তিগত পরিচয়ের ছবি

- 1.1 আপনার প্রজাস্বত্ব শুরু হবার সময়ে আপনি অবশ্যই পরিষদ অথবা তার পরিচালন প্রতিনিধিকে আপনার ছবি নিতে দেবেন, পরিষদ অথবা তার পরিচালন প্রতিনিধির নির্দিষ্ট করা জায়গায়, এবং নিয়মিত বিরতির পর (যেটা পরিষদ নির্দিষ্ট করবে যেমন প্রজাস্বত্ব অডিট করার সময়)। আপনার ছবির নকল আপনার আবাসন ফাইলে এবং ছবির একটি তথ্য ভাণ্ডারে রাখা হবে পরিষদের অধীন এবং তার পরিচালন প্রতিনিধি তা দেখতেও পারে।

### ভাড়া দেওয়া

- 1.2 আপনাকে প্রতি সপ্তাহের একটি সোমবারে আপনার গৃহের জন্য সর্বসম্মত ভাড়া (যার মধ্যে অন্য মাশুল থাকতে পারে) অবশ্যই অগ্রীম দিতে হবে। আপনি যদি আবাসন ভাড়া পান তাহলে আবাসন ভাড়া বিভাগকে বলা আপনার দায়িত্ব যদি আপনার পরিস্থিতি বদলায় যেখানে আনপার ভাতার স্বত্বাধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে। পরিষদ এই চুক্তির অনুচ্ছেদ 3.1-এর বর্ণনা অনুযায়ী সর্বসম্মত ভাড়া বদলাতে পারে।

### বকেয়া টাকা দেওয়া

- 1.3 যখন আপনি আপনার পূর্ববর্তী ঠিকানায় বাস করতেন (যদি তা প্রযোজ্য হয়) সেই সময়কার আপনার কোন বকেয়া ভাড়া এবং / অথবা মাশুল থাকলে আপনাকে অবশ্যই তা দিতে হবে। আপনার বকেয়ে টাকা অবশ্যই সাথে সাথে দিতে হবে অথবা পরিষদের সাথে চুক্তি করা টাকা দেবার নির্ঘণ্ট অনুযায়ী অথবা আদালতের আদেশ দেওয়া নির্ঘণ্ট অনুযায়ী।

### আপনার গৃহ ব্যবহার করা

- 1.4 আপনি অবশ্যই আপনার এবং আপনার পরিবারের বাস করার জন্য ছাড়া অন্য কোন কিছুর জন্য আপনার গৃহ ব্যবহার করবেন না।
- 1.5 আপনি নিজে অথবা আপনার সাথে বসবাসকারী অন্য কাউকে অথবা আপনার কোন অতিথিকে অথবা আপনার কোন দর্শনার্থীকে, আপনার গৃহ থেকে অবশ্যই ব্যবসা করতে দেবেন না পরিষদের কাছ থেকে লিখিত অনুমতি না নিয়ে : পরিষদের অবশ্যই অস্বাভাবিকভাবে তার অনুমতি দিতে আপত্তি করা উচিত নয়। পরিষদ অনুমতি দেবার পর যদি ব্যবসা উপদ্রব সৃষ্টি করে, পরিষদ লিখিত নোটিস দিয়ে তার অনুমতি প্রত্যাহার করতে পারে। লিখিত নোটিস দেবার পর অবিলম্বে সমস্ত ব্যবসায়িক কার্যকলাপ বন্ধ করতে হবে।
- 1.6 আপনি অবশ্যই আপনার গৃহ আপনার একমাত্র অথবা প্রধান গৃহ হিসাবে ব্যবহার এবং ভোগদখল করবেন।
- 1.7 আপনি যদি ছয় সপ্তাহের বেশি আপনার গৃহ ছেড়ে অন্যত্র যান আপনাকে অবশ্যই পরিষদকে তা জানাতে হবে।
- 1.8 আপনার গৃহ যদি একগুচ্ছ সম্পত্তির মধ্যে (যেমন একটি ব্লক) থাকে, যেটা একটি ভাল প্রতিবেশী চুক্তি অথবা ব্লক শর্তাবলীতে স্বাক্ষর করে থাকে, তাহলে এই শর্তাবলীগুলিও আপনার প্রজাস্বত্ব শর্তাবলীর একটি অংশ হবে। এই অতিরিক্ত শর্তাবলীর একটি নকল আপনার প্রজাস্বত্বের শুরুতে আপনাকে দেওয়া হবে। এই শর্তাবলী অমান্য করা আপনার প্রজাস্বত্বের শর্তাবলী অমান্য করা হিসাবে গণ্য করা হবে। পরিষদ কখনো সখনো ভাল প্রতিবেশী চুক্তি অথবা ব্লকের শর্তাবলী রদবদল অথবা পরিবর্তন করতে পারে, তবে এই রকম করা হলে

আপনাকে অন্তত 14 দিন আগে কোন পরিবর্তনের(গুলির) লিখিত নোটিস দেওয়া হবে।

### আপনার পরিবারের পরিবর্তন জানানো

- 1.9 আপনার গৃহে যারা আপনার সাথে বাস করছেন তাদের বিবরণের কোন পরিবর্তন হলে 7 দিনের মধ্যে আপনাকে অবশ্যই ঐ পরিবর্তন পরিষদকে জানাতে হবে। আপনাকে পরিষদের কাছে তথ্যমূলক প্রমাণ দিতে হবে।

### এই প্রজাস্বত্ব হস্তান্তরিত করার বাখানিষেধ

- 1.10 আপনি অবশ্যই আপনার প্রজাস্বত্ব অন্য কোন ব্যক্তির কাছে হস্তান্তরিত করবেন না, যদি না:

- (a) আপনার তা করার বিধিবদ্ধ অধিকার থাকে

পরিচায়ক ভাড়াটেদের এই অধিকারটি নেই।  
আপনি এই অধিকারটি পাবেন যদি আপনি একজন সুরক্ষিত ভাড়াটে হয়ে যান।

- (b) আপনার পরিষদের অনুমতি আছে হস্তান্তরিত করার একটি আদালতের আদেশ অনুসারে :-  
(i) ম্যাট্রিমনিয়াল কডেস অ্যাক্ট 1973-এর ধারা 23a অথবা 24-এর অধীন,  
(ii) ম্যাট্রিমনিয়াল অ্যাণ্ড ফ্যামিলি প্রসিডিং অ্যাক্ট-এর ধারা 17(1) অনুযায়ী  
অথবা  
(iii) চিল্ড্রেন অ্যাক্ট 1989-এর নির্ঘণ্ট 1-এর অনুচ্ছেদ 1 অনুযায়ী।  
(c) আপনার একজন ব্যক্তির কাছে হস্তান্তরিত করার জন্য পরিষদের অনুমতি আছে যে আপনার প্রজাস্বত্ব পরমপরাক্রমে পাবার জন্য যোগ্য হবে যদি আপনি হস্তান্তরের ঠিক আগে মারা যান।

পরিচায়ক ভাড়াটেদের এই অধিকারটি নেই।  
আপনি এই অধিকারটি পাবেন যদি আপনি একজন সুরক্ষিত ভাড়াটে হয়ে যান।

### ঠিকা দেওয়া এবং উপভাড়াটে

- 1.11 আপনি অবশ্যই আপনার গৃহ ঠিকায় দেবেন না অথবা সমগ্র গৃহের ভোগদখল ছাড়বেন না।
- 1.12 আপনি কেবল আপনার গৃহের আংশিক ঠিকা দিতে পারেন অথবা ভোগদখল ছাড়তে পারেন (যেমন একজন উপভাড়াটে নেওয়া যার বয়স 18 বছরের বেশি এবং যে আপনার পরিবারের একজন সদস্য নয়) যদি আপনি তা করার জন্য প্রথমে পরিষদের অনুমতি নেন : পরিষদের অর্থোক্তিকভাবে আপনাকে অনুমতি দিতে আপত্তি করা উচিত নয়। পরিষদ অনুমতি দিতে আপত্তি করবে যদি এর দরুণ আপনার গৃহের সদস্য সংখ্যা বিধিবদ্ধভাবে বেশি হয়ে যায়।

পরিচায়ক ভাড়াটেদের এই অধিকারটি নেই।  
আপনি এই অধিকারটি পাবেন যদি আপনি একজন সুরক্ষিত ভাড়াটে হয়ে যান।

### আপনার গৃহের অবস্থা

- 1.13 আপনার প্রজাস্বত্বের শুরুতে, অথবা যেখানে আপনি পরমপরাক্রমে একটি প্রজাস্বত্ব পেয়েছেন অথবা আপনাকে একটি প্রজাস্বত্ব হস্তান্তরিত করা হয়েছে এই শর্তাবলী অনুযায়ী, সে ক্ষেত্রে আপনি আপনার গৃহ বর্তমান অবস্থায় গ্রহণ করবেন, (কোন রকম মেরামত ছাড়া যা শর্ত 2.2 থেকে 2.4-এর অধীন পরিষদের করার দায়িত্ব) বাগানসহ। বাগান যদি পরিচ্ছন্ন এবং ঋতু অনুযায়ী চাষ না করা হয়ে থাকে, যথাযথ উচ্চতা পর্যন্ত ঝোপঝাড় না ছাঁটা সহ, আপনাকে চুক্তিবদ্ধ সময়ের মধ্যে বাগানটুকু প্রয়োজনীয় অবস্থায় নিয়ে আসতে হবে।

- 1.14 আপনাকে অবশ্যই আপনার গৃহের ভিতর দিক পরিষ্কার এবং উপযুক্তভাবে সাজিয়ে রাখতে হবে। পরিষদকে যদি আপনার গৃহে কোন মেরামত অথবা উন্নতিসাধন করতে হয়, তাহলে আপনাকে অবশ্যই পরিষদের ঠিকাদারদের কাজের জায়গায় যাতায়াতের খোলা জায়গা দিতে হবে। আপনাকে অবশ্যই কাপোর্টসহ আপনার জিনিসপত্র সরিয়ে নিতে হবে, যদি আপনাকে অনুরোধ করা হয়। সমস্ত কাজের জায়গায় যাতায়াতের পথ খোলা না হওয়া অবধি পরিষদ কাজ করতে আপত্তি করতে পারে।
- 1.15 আপনাকে অবশ্যই সর্বদা আপনার গৃহ সুরক্ষিত রাখতে হবে। আপনি চাবি হারিয়ে ফেললে আপনাকে অবশ্যই পরিষদ অথবা তার পরিচালন প্রতিনিধিকে তা জানাতে হবে। তালা বদলিয়ে নতুন চাবি দেবার জন্য পরিষদ আপনার কাছ থেকে টাকা নিতে পারে।
- 1.16 আপনি অবশ্যই আপনার গৃহের অবস্থা আপনার প্রতিবেশীর উপদ্রব এবং বিরক্তির কারণ হতে দেবেন না।
- 1.17 আপনি অবশ্যই আপনার গৃহ হুঁদুর, নেংটি হুঁদুর এবং অন্য পোকামাকড় মুক্ত রাখবেন। আপনার গৃহ যদি অধ্যুষিত হয়, আপনাকে অবিলম্বে এই সমস্যার সমাধানের ব্যবস্থা অবশ্যই নিতে হবে। এছাড়া আপনি যত তাড়াতাড়ি সম্ভব পরিষদের এনভায়ারগমেন্টাল হেল্থ ডিপার্টমেন্টকে অবশ্যই তা জানাবেন। আপনার যদি পরিষদের এনভায়ারগমেন্টাল হেল্থ ডিপার্টমেন্ট-এর সাহায্য লাগে, তাহলে তাদের পরিষেবার জন্য আপনাকে টাকা দিতে হতে পারে।
- 1.18 আপনি অবশ্যই বৈদ্যুতিক অথবা গ্যাস ব্যবস্থা, বসানো যন্ত্র অথবা মিটার আপনার গৃহে অথবা ব্লকে যেগুলি কাজ করছে তার পরিবর্তন অথবা হস্তক্ষেপ অথবা রদবদল করবেন না।

#### মেঝের আস্তরণ

- 1.19 আপনার গৃহ যদি একতলার উপরে হয়, তাহলে আপনার গৃহে ল্যামিনেট অথবা স্লট এবং কাঠের গ্ৰন্ড দিয়ে মেঝের আস্তরণ লাগাবার আগে আপনাকে অবশ্যই পরিষদের অনুমতি নিতে হবে। বিনা অনুমতিতে মেঝের উপর ল্যামিনেট অথবা স্লট এবং কাঠের গ্ৰন্ড লাগালে, পরিষদ আপনাকে সেগুলি তুলে ফেলতে বলতে পারে।
- 1.20 আপনার গৃহে মেঝের উপর ল্যামিনেট অথবা স্লট এবং কাঠের গ্ৰন্ড লাগাবার অনুমতি পেয়ে গেলে আপনাকে পরিষদের প্রত্যাশা অনুযায়ী যথেষ্ট ইনসুলেশন লাগাতে হবে যাতে আপনার প্রতিবেশীদের কাছে আওয়াজ না যায়।
- 1.21 আপনার গৃহে মেঝের উপর ল্যামিনেট অথবা স্লট এবং কাঠের গ্ৰন্ড লাগাবার অনুমতি পাবার পর পরিষদ যদি মনে করে, এর দরুণ আপনার প্রতিবেশীর কাছে আওয়াজের উপদ্রব বেড়ে গেছে, দৈনন্দিন জীবনে আওয়াজ উপদ্রবসহ, পরিষদ আপনাকে সেগুলি সরিয়ে নিতে বলতে পারে। এই পরিস্থিতিতে সেগুলি সরিয়ে নেবার অথবা সেগুলির বদলে অন্য ধরনের আস্তরণ লাগাবার জন্য খরচ পরিষদের দায় হবে না।
- 1.22 যদি আপনার গৃহে কোন কাজ করার জন্য মেঝে থেকে কোন ল্যামিনেট অথবা স্লট এবং গ্ৰন্ড সরিয়ে অথবা তুলে ফেলতে হয়, তাহলে বদলে দেবার জন্য অথবা পূরণায় লাগাবার জন্য খরচ পরিষদ দেবে না।

#### বাগান

- 1.23 আপনার গৃহে যদি একটি বাগান থাকে, অথবা আপনার ব্লকে অন্য ফ্ল্যাটের ভাড়াটীদের সাথে যদি একটি বাগান আপনি ভাগাভাগি করে ব্যবহার করেন, তাহলে অবশ্যই আপনাকে বাগানটিকে পরিচ্ছন্ন রাখতে হবে এবং ঋতু অনুযায়ী চাষ করতে হবে। এর মধ্যে আছে পরিষদের চাহিদা অনুযায়ী যথাযথ উচ্চতা পর্যন্ত ঝোপঝাড় ছাঁটা।
- 1.24 বাগানে যদি কোন গাছ থাকে তাহলে আপনি পরিষদের লিখিত অনুমতি পাবার আগে অবশ্যই গাছের উপর কিছু করবেন না।

- 1.25 আপনি যদি আপনার বাগান অথবা এজমালি বাগানের রক্ষণাবেক্ষণ না করেন, তাহলে পরিষদ তা করার কথা ভাবতে পারে, এবং বাগানের কাজ করার জন্য আপনার কাছ থেকে পূণরায় টাকা নেবে।
- 1.26 আপনার বাগানে (যদি আপনার একটি থাকে) অথবা কোন বাগান বা অন্য জায়গা যা আপনি অন্য ভাড়াটীদের সাথে ভাগ করেন সেখানে আপনি অবশ্যই জঞ্জাল, আসবাব অথবা কোন কদাকার জিনিস রাখবেন না।
- 1.27 পরিষদ অথবা তার পরিচালন প্রতিনিধির লিখিত অনুমতি পাবার আগে আপনি কোন চালা, গ্যারেজ অথবা গ্রীনহাউজ বানাবেন না।
- 1.28 আপনি অবশ্যই বাগানে 0.5 মিটারের বেশি গভীর গর্ত অথবা কখনই কোন দেয়াল বা পাচিলের 3 মিটারের মধ্যে গর্ত খুঁড়বেন না।
- 1.29 আপনি যদি একলা আপনার বাগান ব্যবহার করেন, তার যুক্তিসংগত মানের রক্ষণাবেক্ষণ করা এবং বেড়া দেওয়া, প্রয়োজন হলে সেগুলি বদলানোও আপনার দায়িত্ব হবে। পথ-নির্দেশের জন্য আপনার পরিষদ অথবা তার পরিচালন প্রতিনিধির সাথে পরামর্শ করা উচিত। নিরেট বেড়ার উচ্চতা অবশ্যই 6 ফুট (অথবা 1.8 মিটার)-এর বেশি হবে না।

#### আগুনের ঝুঁকি, গ্যাস সিলিণ্ডার এবং মোম

- 1.30 আপনি আপনার গৃহের ভিতর অথবা আপনার গৃহ যদি ব্লকের মধ্যে হয়, তাহলে ব্লকের ভিতর অবশ্যই কোন জিনিস আনবেন না যেটা বিস্ফোরণ ঘটতে পারে অথবা আগুনের ঝুঁকি হতে পারে। সন্দেহ দূর করার জন্য, আপনি আপনার গৃহে সিল করা তেলে ভরা রেডিওটোর ছাড়া কোন বহনযোগ্য তেল, মোম অথবা গ্যাসের যন্ত্র ব্যবহার করবেন না।

#### জঞ্জাল এবং রিসাইকেল করা

- 1.31 আপনি এবং যে কেউ আপনার সাথে বাস করছে অবশ্যই পরিষদের রিসাইকেল করার যোজনায় অংশগ্রহণ করবেন।
- 1.32 আপনি অবশ্যই সমস্ত ঘরোয়া জঞ্জাল এবং রিসাইকেল যোগ্য বর্জ্য নিরাপদ এবং উপযুক্তভাবে নিষ্পত্তি করবেন। ঘরোয়া জঞ্জাল অবশ্যই একটি ময়লার পাত্রে, আবর্জনা স্ট্র এবং পরিষদের নির্দিষ্ট করা জায়গায় ফেলতে হবে। রিসাইকেলযোগ্য বর্জ্য অবশ্যই পরিষদ প্রদত্ত উপযুক্ত পাত্র / বাক্সে রাখতে হবে। আপনার গৃহের জানলা দিয়ে কোন জঞ্জাল বস্তু ফেলা হবে না।
- 1.33 আপনার গৃহে আপনি অবশ্যই জঞ্জাল মজুত অথবা জড়ো করবেন না।
- 1.34 অপারিবারিক জঞ্জাল অবশ্যই উপযুক্তভাবে নিষ্পত্তি করতে হবে এবং ঘরোয়া জঞ্জালের জন্য নির্দিষ্ট জায়গায় ফেলে রাখা চলবে না।

#### সার্বজনিন জায়গা এবং সিঁড়ি পরিষ্কার করা

- 1.35 আপনার গৃহ যদি একটি ব্লকে থাকে, তাহলে আপনাকে হয়ত অন্য ভাড়াটে এবং যারা ইজারা নিয়েছে তাদের সাথে সংযুক্তভাবে ব্লকের এজমালি জায়গাগুলি পরিষ্কার করতে হতে পারে যেমন সিঁড়ি এবং চাতাল।
- 1.36 আপনাকে অবশ্যই প্রবেশপথ, সিঁড়ি, বারান্দা এবং চাতালসহ, সমস্ত এজমালি জায়গা বাধামুক্ত রাখতে হবে। আপনি অবশ্যই এই চুক্তির শর্ত 1.32 অনুযায়ী ছাড়া কোন এজমালি জায়গায় আপনার কোন ব্যক্তিগত জিনিস অথবা জঞ্জাল রাখবেন না। আপনি কোন রকমের জিনিস সিঁড়ির তলায় অথবা এজমালি আলমারিতে মজুত রাখবেন না।

- 1.37 আপনি এজমালি জায়গা থেকে কোন আগুন নিরাপত্তার সরঞ্জাম অবশ্যই বেআইনীভাবে পরিবর্তন করবেন না বা সরাবেন না।
- 1.38 কোন ঘেরা এজমালি জায়গায় আপনি অবশ্যই ধূমপান করবেন না অথবা আপনার সাথে বসবাসকারী কাউকে অথবা আপনার অতিথিদের অবশ্যই ধূমপান করতে দেবেন না।

#### লফ্টের জায়গা

- 1.39 আপনার গৃহ ব্লকের মধ্যে হলে, আপনি পরিষদের লিখিত অনুমতি পাবার আগে লফ্টের জায়গায় প্রবেশ করবেন না অথবা টিভি এরিয়াল সহ কোন নিজস্ব জিনিসপত্র মজুত করবেন না।

#### পোষা জীব

- 1.40 আপনি আপনার গৃহে পরিষদের লিখিত অনুমতি পাবার পর বিড়াল অথবা কুকুর অথবা অন্য কোন গৃহপালিত জন্তু রাখতে পারেন। পরিষদের আপনাকে অযৌক্তিকভাবে অনুমতি দিতে আপত্তি করা উচিত নয়। আপনার পরিষদের অনুমতির প্রয়োজন নেই যদি সেটি একটি স্বীকৃত গাইড অথবা হিয়ারিং ডগ হয়।
- 1.41 আপনি যদি আপনার গৃহে একটি বিড়াল বা কুকুর বা অন্য কোন গৃহপালিত জন্তু রাখেন অথবা আপনার গৃহে একটি বিড়াল, কুকুর বা অন্য কোন গৃহপালিত জন্তুকে আসার অনুমতি দেন তাহলে আপনাকে তাদের নিয়ন্ত্রণে রাখতে হবে। আপনি তাদের আপনার গৃহ অথবা আপনার গৃহের এলাকায় (যেমন রাস্তায়, ফুটপাথে অথবা খেলার জায়গায়) অথবা আপনি যদি ব্লকে বাস করেন, তাহলে যে জায়গা আপনি আপনার প্রতিবেশীর সাথে ভাগাভাগি করে ব্যবহার করেন সেখানে নোংরা করতে দেবেন না। (আপনাকে অবশ্যই ময়লার ট্রে/পাত্র ব্যবহার করতে হবে যেখানে প্রয়োজন) যদি আপনার বিড়াল অথবা কুকুর বা অন্য কোন গৃহপালিত জন্তু আপনার গৃহ, ঐ এলাকা অথবা কোন এজমালি জায়গা নোংরা করে তাহলে আপনাকে অবশ্যই জন্তুর বর্জ্য পরিষ্কার করতে হবে এবং উপযুক্তভাবে নিষ্পত্তি করতে হবে।
- 1.42 আপনি যদি কোন জন্তু রাখেন অথবা কোন জন্তুকে আপনার গৃহে আসতে দেন তাহলে আপনি অবশ্যই আপনার প্রতিবেশী অথবা পরিষদের কর্মীবৃন্দ, তাদের প্রতিনিধি অথবা ঠিকাদারদের প্রতি উপদ্রব, বিরক্তি অথবা হাঙ্গামা করতে দেবেন না। পরিষদের সামাজিক সম্পত্তির মধ্যে সমস্ত কুকুরকে অবশ্যই সর্বদা বাঁধা রাখতে হবে।
- 1.43 আপনি ব্যবসায়িক প্রজননের জন্য কোন জন্তু রাখবেন না।

#### আচরণ

- 1.44 আপনি অবশ্যই আপনার গৃহ অথবা আপনার গৃহের নিকট পরিষদের কোন সম্পত্তি বেআইনী অথবা অনৈতিক উদ্দেশ্যের জন্য ব্যবহার করবেন না। সমানভাবে, আপনি অবশ্যই আপনার সাথে বসবাসকারী কোন ব্যক্তিকে অথবা আপনার কোন অতিথিকে আপনার গৃহ বেআইনী অথবা অনৈতিক উদ্দেশ্যের জন্য ব্যবহার করতে দেবেন না।
- 1.45 আপনি অবশ্যই আপনার প্রতিবেশী অথবা আপনার গৃহের এলাকায় বসবাসকারী অন্য কারোর প্রতি উপদ্রব, বিরক্তি অথবা শাস্তিভঙ্গ করবেন না।
- 1.46 আপনি অবশ্যই আপনার সাথে বসবাসকারী কাউকে অথবা আপনার অতিথিকে আপনার প্রতিবেশী অথবা আপনার গৃহের এলাকায় বসবাসকারী অন্য কারোর প্রতি উপদ্রব অথবা বিরক্তি অথবা শাস্তিভঙ্গ করার জন্য উৎসাহ দেবেন না।
- 1.47 আপনি অবশ্যই রেকর্ড প্লেয়ার, রেডিও, টেপরেকর্ডার, টেলিভিশন, সিডি প্লেয়ার অথবা অন্য কোন ধরণের সঙ্গীতের মাইক, লাউড স্পিকার, অথবা যে কোন বাদ্যযন্ত্র এমনভাবে বাজাবেন না অথবা আপনার সাথে

বসবাসকারীর কাউকে অথবা আপনার অতিথিকে বাজানোর জন্য উৎসাহ দেবেন না যার দরুণ লোকে বিরক্ত হয় অথবা আপনার গৃহের বাইরে থেকে ভ্র শোনা যায়।

- 1.48 আপনি অবশ্যই কোন ঘরোয়া মেশিন অথবা DIY সরঞ্জাম এমনভাবে অথবা এমন সময় (যেমন রাত 10টার পর এবং সকাল 8টার আগে) ব্যবহার করবেন না যার দরুণ আপনার প্রতিবেশীর প্রতি উপদ্রব এবং বিরক্তি সৃষ্টি হয়।
- 1.49 আপনি অবশ্যই কাউকে হয়রান করবেন না অথবা আপনার সাথে বসবাসকারী কোন ব্যক্তিকে অথবা আপনার অতিথিকে আপনার গৃহের এলাকায় হয়রান করতে দেবেন না। হয়রানির মধ্যে আছে বয়স, অক্ষমতা, জাতি, ধর্ম, যৌন অথবা যৌন লক্ষণ ভিত্তিক হয়রানি। যে ধরণের আচরণ হয়রানির পর্যায়ে পড়ে তার উদাহরণগুলি নিম্নরূপ :
- 1.49.1 হিংসা অথবা হিংসার হুমকী;
- 1.49.2 মৌখিক গালাগালি অথবা অপমান;
- 1.49.3 অন্য কারোর গৃহ অথবা জিনিসপত্রের ক্ষতি করা অথবা ক্ষতি করার হুমকী;
- 1.49.4 দেওয়াল লিখন লেখা যেটা ভীতিজনক, অদ্ভুত অথবা অপমানজনক;
- 1.49.5 এমনভাবে আচরণ করা যা আপনি জানান অন্য একজনকে বিচলিত, বিক্ষুব্ধ করবে অথবা অসুবিধার সৃষ্টি করবে;
- 1.49.6 যে কোন রকম আচরণ অথবা প্রক্রিয়া অন্য একজন ব্যক্তির দৈহিক এবং/অথবা মানসিক স্বাস্থ্য, এবং/অথবা নিরাপত্তা, এবং/অথবা স্বস্তি হানী করতে পারে।
- 1.50 আপনি অবশ্যই পরিষদের কোন সম্পত্তির ক্ষতি করবেন না অথবা তার উপর দেওয়াল লিখন লিখবেন না সেটা যেখানেই অবস্থিত থাকুক।
- 1.51 আপনি অন্য কাউকে অবশ্যই উৎসাহ অথবা অনুমতি দেবেন না পরিষদের কোন সম্পত্তির ক্ষতি করতে অথবা তার উপর দেওয়ার লিখন লিখতে সেটা যেখানেই অবস্থিত থাকুক।
- 1.52 আপনি যদি পরিষদের কোন সম্পত্তির ক্ষতি করেন, অথবা তার উপর দেওয়াল লিখন লেখেন, অথবা অন্য কাউকে সেই রকম করার জন্য উৎসাহ বা অনুমতি দেন, তাহলে আপনাকে ক্ষতির মেরামত অথবা দেওয়াল লিখন তোলা বাবদ যুক্তিসংগত খরচ অবশ্যই পরিষদকে দিতে হবে, পরিষদ যখনই আপনার কাছে তা দাবি করবে।
- 1.53 আপনি অবশ্যই পরিষদ, তার প্রতিনিধি অথবা ঠিকাদারের কোন কর্মচারী অথবা পরিষদের কোন সদস্যের প্রতি হিংসা অথবা অপব্যবহার করবেন না অথবা তার হুমকী দেবেন না। আর, আপনি অবশ্যই আপনার সাথে বসবাসকারী কাউকে অথবা আপনার অতিথিকে পরিষদ অথবা তার প্রতিনিধি অথবা ঠিকাদারের কর্মচারী, অথবা পরিষদের কোন সদস্যের প্রতি হিংসা অথবা অপব্যবহার করতে অথবা তার হুমকী দিতে উৎসাহ বা অনুমতি দেবেন না। পরিষদ অথবা তার প্রতিনিধি অথবা তার ঠিকাদারের কোন কর্মী সদস্যের, আপনার অথবা আপনার সাথে বসবাসকারী কেউ অথবা আপনার অতিথির প্রতি হিংসা বা অপব্যবহার করা বা তার হুমকী দেওয়া উচিত নয়।
- 1.54 আপনি অবশ্যই আপনার সাথে বসবাসকারী কেউ অথবা আপনার অতিথির প্রতি হিংসা অথবা হয়রানি করবেন না বা তার হুমকী দেবেন না।

#### পরিষদের অনুমোদিত মানুষদের আপনার গৃহে আসতে দেবার অনুমতি

- 1.55 আপনি অবশ্যই পরিষদের পক্ষে কর্মরত কাউকে এবং অন্য কাউকে যাকে পরিষদ আপনার গৃহে প্রবেশ করার অনুমতি দিয়েছে তাদের আপনার গৃহে আসতে দেবেন, অবশ্য যদি পরিষদ আপনাকে আগে থেকে জানিয়ে দেয় কখন ঐ লোকেরা আসকেন, এবং তারা অসময়ে আসবেন না। পরিষদ আপনার গৃহে লোকদের যাবার অনুমতি

দেবে আপনার গৃহ পরিদর্শন করার জন্য এবং/অথবা তার অবস্থা যাচাই করার জন্য এবং/অথবা পূণরায় ভাড়া দেবার জন্য পরিদর্শন করার জন্য এবং/অথবা সেখানে কোন কাজ করার জন্য অথবা অন্য কোন আপনার গৃহের নিকট অথবা পাশে পরিষদের বাড়িতে কাজ করার জন্য। পরিষদের সমস্ত কর্মচারী, তার পরিচালন প্রতিনিধির কর্মচারীরা এবং অনুমোদিত ঠিকাদাররা সর্বদা ছবি লাগানো পরিচয়পত্র বহন করবে। আপনার গৃহে তাদের প্রবেশ করতে দেবার আগে আপনি তাদের পরিচয়পত্র দেখাবার জন্য অনুরোধ করতে পারেন।

- 1.56 আপেকালীন অবস্থায় আপনাকে অবশ্যই পরিষদের সমস্ত কর্মচারীদের, তার পরিচালন প্রতিনিধির কর্মচারীদের এবং অনুমোদিত ঠিকাদারদের আপনার গৃহে প্রবেশ করতে দিতে হবে পরিষদ আপনাকে আগে থেকে না জানালেও। আপনি সম্মতি দিচ্ছেন যে জরুরি অবস্থায় পরিষদ প্রবেশ করবে, দরকার হলে তালা বদলিয়ে, যদি পরিষদ প্রবেশের জন্য আপনার অনুমতি পেতে অক্ষম হয়।
- 1.57 প্রতি ক্যালেন্ডার বছরে অন্তত একবার, আপনাকে আপনার গৃহে পরিষদকে গ্যাস নিরাপত্তা পরীক্ষা করার জন্য প্রবেশ করতে দিতে হবে, যদি আপনার গৃহে গ্যাসের যন্ত্র থাকে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এই পরীক্ষা না করলে আপনার স্বাস্থ্য এবং নিরাপত্তার ঝুঁকি হতে পারে। যেই তারিখে প্রবেশ করা হবে তার জন্য আপনাকে অগ্রীম লিখিত নোটিস দেওয়া হবে। আপনি যদি প্রবেশ করার জন্য অনুমতি না দেন, আপনি অনিবার্যভাবে মেনে নিচ্ছেন যে গ্যাস নিরাপত্তা পরীক্ষা করার জন্য পরিষদ আপনার গৃহে জোর করে প্রবেশ করতে পারে, অবশ্য তার জন্য প্রথমে আপনাকে অন্তত 48 ঘন্টার অগ্রীম নোটিস দিতে হবে। এই নোটিসটি লোক মারফৎ আপনার গৃহে পাঠানো হবে। যদি জোর করে প্রবেশ করার ঘটনা ঘটে, তাহলে পরিষদ আপনার গৃহ পূণরায় নিরাপদ করবে এবং আপনাকে একসেট নতুন চাবি দেওয়ার ব্যবস্থা করবে। জোর করে প্রবেশ করা, তালা বদল এবং নতুন চাবি বাবদ খরচ আপনাকে দিতে হবে।

#### পরিষদকে মেরামতের বিষয়ে জানানো

- 1.58 যত তাড়াতাড়ি সম্ভব প্রয়োজনীয় মেরামতের কথা আপনি অবশ্যই পরিষদকে জানাবেন যদি সেটা করার দায়িত্ব পরিষদের হয়। আপনি যদি ঐ মেরামতের জন্য রিপোর্ট যত তাড়াতাড়ি করা উচিত তা না করেন এবং যার ফলে সমস্যা আরো বেড়ে যায় বা মেরামত করা আরো ব্যয়বহুল হয়ে যায়, অন্য সমস্যার সৃষ্টি করে যেটা তারপর পরিষদকে মেরামত করতে হয়, তাহলে আপনাকে অবশ্যই পরিষদকে বাড়তি খরচটুকু দিতে হবে।
- 1.59 মেরামতের রিপোর্ট করার জন্য আপনি অবশ্যই পরিষদের প্রণালী অনুসরণ করবেন যা মাঝে মাঝে সাম্প্রতিক করা হবে। প্রতিবার মেরামত প্রণালী যখন সাম্প্রতিক করা হয়, তখন পুরোনো মেরামত প্রণালীগুলি আর বহাল থাকে না। যখন মেরামত রিপোর্ট করার প্রণালী বদলাবে আমরা আপনাকে তা জানিয়ে দেব।

#### ফ্ল্যাট থেকে জিনিস ছোড়া

- 1.60 আপনার গৃহ যদি একটি ব্লকে হয় আপনি অবশ্যই আপনার গৃহ থেকে অথবা আপনার প্রতিবেশীর সাথে ভাগাভাগি করা অন্য জায়গাগুলি থেকে কোন জিনিস(গুলি) ছুঁড়বেন না অথবা অন্য কাউকে কোন জিনিস (গুলি) ছুঁড়তে দেবেন না।

#### আপনার অজানা মানুষকে ঢুকতে দেওয়া

- 1.61 আপনার গৃহ একটি ব্লকে হলে, আপনি অবশ্যই আপনার অজানা কাউকে আপনার প্রতিবেশীর সাথে ভাগাভাগি করা তালাবন্ধ জায়গায় ঢুকতে দেবেন না, যদি না আপনি জানেন যে ঐ ব্যক্তি ঐ এলাকায় প্রবেশ করার জন্য এই চুক্তির অনুচ্ছেদ 1.55 অথবা 1.56-এর অধীন পরিষদের দ্বারা অনুমোদিত অথবা আপেকালীন পরিষেবার সে একজন সদস্য হয়।
- 1.62 আপনি অবশ্যই তালায় কল কবজা অক্ষম, স্টেটে দেবেন না অথবা চাপ দিয়ে খুলবেন না অথবা কোন সামাজিক অথবা আশুনি নিরাপত্তা অথবা নিয়ন্ত্রিত প্রবেশ করা দরজায় হস্তক্ষেপ করবেন না।

## কার পার্কিংয়ে অন্য গাড়ী রাখা এবং গাড়ীর মেরামত

- 1.63 আপনি এবং আপনার গৃহে বসবাসকারী কোন ব্যক্তি, যদি তারা সাময়িকভাবে বাস করে তাহলেও, এবং আপনার গৃহে আসা কোন অতিথি, অবশ্যই:
- 1.63.1 কোন গাড়ী (কারাভ্যানসহ) আপনার গৃহের সামনে চিহ্নিত পার্কিংয়ের জায়গা ছাড়া অন্য কোথাও রাখবে না, অথবা আপনি যদি একটি এস্টেটে বাস করেন, তাহলে এস্টেটের অন্য কোন জায়গায় রাখবে না। নির্দিষ্ট পার্কিং জায়গায় অথবা বাড়ির সামনের ঘেরা জায়গায় অথবা এস্টেটে রাখা গাড়ী, অন্য কারো জন্য বিরক্তির কারণ হবে না এবং অন্য কোন গাড়ী অথবা মানুষকে অনায়াসে এবং নিরাপদে পার হতে বাধা দেবে না। পরিষদের সম্পত্তি থেকে যে কোন গাড়ী সরিয়ে নেবার অধিকার আছে যদি সেটা বাধা সৃষ্টি করে এবং সরাবার জন্য খরচ আপনার কাছ থেকে নিতে পারে।
- 1.63.2 পরিষদ লিখিতভাবে যদি আপনাকে না বলে তাহলে এস্টেটের রাস্তা গাড়ী রাখার জায়গা নয়। তথাপি, এস্টেটের রাস্তায় আপনাকে গাড়ী রাখার অনুমতি দেওয়া হবে যদি আপনার গাড়ী অন্য কারোর বিরক্তির কারণ না হয় এবং অন্য কোন গাড়ী (আপৎকালীন গাড়ীসহ) অথবা পথচারী মানুষ অথবা হুইলচেয়ার ব্যবহারকারী মানুষকে অনায়াসে এবং নিরাপদভাবে পার হতে দেয়। পরিষদের সম্পত্তি থেকে যে কোন গাড়ী সরিয়ে দেবার অধিকার পরিষদের আছে যেটা বাধার সৃষ্টি করছে। সরিয়ে নেবার খরচ পরিষদ আপনার কাছ থেকে নিতে পারে।
- 1.63.3 যে কোন একদিনে 1 ঘন্টার বেশি অথবা মোট 3 ঘন্টার বেশি কোন গারি, ব্যবসা বা বাণিজ্যের গাড়ী আপনার বাগানে, অথবা এস্টেটের যে কোন জায়গায় যেখানে আপনার গৃহ আছে, গাড়ী রাখার চিহ্নিত জায়গাসহ অথবা পরিষদের অন্য কোন সম্পত্তিতে গাড়ী রাখবে না।
- 1.63.4 যেখানে একটা পার্কিং যোজনা চালু আছে, হয় বাসিন্দা অথবা তাদের অতিথিদের জন্য বৈধ পারমিট ছাড়া গাড়ী রাখবেন না। পরিষদের সম্পত্তির উপর পার্কিং যোজনা লঙ্ঘন করে রাখা গাড়ী সরিয়ে দেবার অধিকার পরিষদের আছে।
- 1.63.5 আপনার গৃহের সামনের ঘেরা জায়গায়, আপনার বাগানে, আপনার পার্কিংয়ের জায়গায় অথবা এস্টেটের যে কোন জায়গায় যেখানে আপনার গৃহ আছে অথবা পরিষদের অন্য কোন সম্পত্তিতে কর না দেওয়া (স্ট্যাচুটরি অফ রোড নটিফিকেশন [SORN] গাড়ীসহ) অথবা অযোগ্য গাড়ী রাখবেন না। এই শর্ত লঙ্ঘন করে রাখা যে কোন গাড়ী সরিয়ে দেবার অধিকার পরিষদের আছে। পরিষদ সরানোর খরচ আপনার কাছ থেকে নিতে পারে।
- 1.63.6 মোটরসাইকেল (গুন্ডি) আপনার গৃহে, অথবা, আপনার গৃহ একটি ব্লকে হলে, এজমালি জায়গায়, যে কোন জায়গা যেটা আপনি আপনার প্রতিবেশীর সাথে ব্যবহার করেন, রাখবেন না বা পার্ক করবেন না যদি আপনি একটি ফ্ল্যাট বা মাইসোনেটে বাস করেন।
- 1.63.7 হয় আপনার গৃহ থেকে (কোন গ্যারাজ, বাগান অথবা সামনের ঘেরা জায়গাসহ) অথবা হাইওয়ে থেকে (আপনার নির্দিষ্ট করা পার্কিং জায়গাসহ যদি থাকে) অথবা পরিষদের কোন সম্পত্তি থেকে গাড়ীর বড় রকম মেরামত অথবা কোন রকম গাড়ী মেরামতের ব্যবসা চালাবেন না।
- 1.63.8 আপনার গৃহের সামনের ঘেরা জায়গায়, আপনার বাগানে আপনার পার্কিংয়ের জায়গায় অথবা এস্টেটের যে কোন জায়গায় যেখানে আপনার গৃহ আছে অথবা পরিষদের কোন সম্পত্তির উপর কোন ক্ষতিগ্রস্ত, কদাকার অথবা বিপজ্জনক গাড়ী অথবা গাড়ীর যন্ত্রাংশ সরিয়ে দেবার অধিকার পরিষদের আছে এবং সরানোর খরচ আপনার কাছ থেকে দরকার হলে নিতে পারে।

- 1.63.9 নির্দিষ্ট করা অক্ষম পার্কিং বে-তে গাড়ী রাখবেন না যদি না সেই পার্কিং বে আপনার নিজের ব্যবহারের জন্য চিহ্নিত করা থাকে।
- 1.63.10 পরিষদের কোন সম্পত্তির উপর কোন অবাঞ্ছিত গাড়ী, ক্যারাভ্যান অথবা নৌকো পরিত্যাগ করবেন না। এই ধরনের কোন গাড়ী সরিয়ে দেবার অধিকার পরিষদের আছে এবং সরানোর খরচ দরকার হলে আপনার কাছ থেকে নিতে পারে।

#### আপনার প্রজাস্বত্বের শেষে

- 1.64 আপনার প্রজাস্বত্বের শেষে, আপনাকে অবশ্যই জঞ্জালসহ সমস্ত ব্যক্তিগত সম্পত্তি সরিয়ে ফেলতে হবে, এবং আপনার গৃহ যুক্তিসংগত অবস্থায় রাখতে হবে। আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনার গৃহে কেউ নেই। আপনাকে অবশ্যই আপনার গৃহের চাবি পরিষদ অথবা তার প্রতিনিধির কাছে দিয়ে দিতে হবে। যতক্ষণ না চাবি এবং / অথবা খালি গৃহ ফিরে পাওয়া যায় ততক্ষণ আপনাকে হয়ত ভাড়া অথবা ব্যবহার ও ভোগদখল মাশুল দিতে হতে পারে।
- 1.65 আপনার প্রজাস্বত্বের শেষে আপনি যদি আপনার কোন ব্যক্তিগত সম্পত্তি আপনার গৃহে ফেলে যান, তাহলে আপনি অনিবার্যভাবে রাজী হচ্ছেন যে ঐ জিনিসগুলির মালিকানা পরিষদের উপর বর্তাবে যারা আর কোন পরামর্শ ছাড়া ঐ জিনিসগুলির নিষ্পত্তি করতে পারে।

## বিভাগ 2:

### আপনার অধিকারগুলি

পরিষদের কর্মচারী, তাদের পরিচালন প্রতিনিধি এবং ঠিকাদারদের শনাক্তকরণ

2.1 পরিষদের সমস্ত কর্মচারী, তার পরিচালন প্রতিনিধির কর্মচারীরা এবং অনুমোদিত ঠিকাদাররা সর্বদা ছবি লাগানো পরিচয়পত্র সাথে রাখবে। তাদের আপনার গৃহে ঢুকতে দেওয়ার আগে আপনি সেগুলি যাচাই করার জন্য অনুরোধ করতে পারেন।

#### মেরামত

2.2 ল্যাণ্ডলর্ড অ্যাণ্ড টেনেন্ট অ্যাক্ট 1985-এর ধারা 11 অনুযায়ী, পরিষদের অনেকগুলি মেরামত করার দায়িত্ব আছে যেগুলি শর্ত 2.3 থেকে 2.5-এর মধ্যে বর্ণিত আছে।

2.3 পরিষদকে অবশ্যই আপনার গৃহের কাঠামো এবং বহির্ভাগ (নালি, নর্দমা এবং বহিস্থ নলসহ মেরামত করে রাখতে হবে)।

2.4 পরিষদকে অবশ্যই আপনার গৃহের নল এবং অন্য বসানো যন্ত্র মেরামত করা এবং উপযুক্ত সচল অবস্থায় রাখতে হবে যার মাধ্যমে আপনাকে জল, গ্যাস এবং বিদ্যুৎ সরবরাহ করা হয়। এর মধ্যে বেসিন, সিংক, বাথটব ও শৌচাগার অন্তর্ভুক্ত, তবে অন্য বসানো যন্ত্র এর মধ্যে নেই যা এই যোগানগুলি ব্যবহার করে, যেমন বৈদ্যুতিক অথবা গ্যাস কুকার যার দায়িত্ব আপনার।

2.5 পরিষদকে অবশ্যই আপনার গৃহের হিটিং ব্যবস্থা এবং গরম জল প্রদানকারী ব্যবস্থাকে মেরামত করা এবং উপযুক্ত সচল অবস্থায় রাখতে হবে।

2.6 পরিষদ নিম্নলিখিতের দরুণ ক্ষতির মেরামত করবে না :

2.6.1 আপনি যা কিছু করেছেন;

2.6.2 আপনার সাথে বসবাসকারী কেউ অথবা আপনার কোন অতিথির দ্বারা ক্ষতি (উভয় ক্ষেত্রে 18 বছরের কম বয়স্ক মানুষসহ);

2.6.3 যে কোন কাজ যা আপনি অথবা আপনার দায়িত্বে থাকা কোন লোকেদের দ্বারা করা, এমন কী পরিষদ যদি সম্মতি দিয়ে থাকে যে আপনি এই কাজ করতে পারেন অথবা করিয়ে নিতে পারেন তাহলেও;

2.6.4 আপনার গৃহে আপনার অথবা আপনার দায়িত্বে থাকা কারোর দ্বারা কোন কিছু বসানো, এমন কী পরিষদ যদি সম্মতি দিয়ে থাকে যে এটা বসানো যেতে পারে তাহলেও।

2.7 যখন পরিষদ মনে করে যে আপনি এবং আপনার পরিবার আপনার গৃহের মধ্যে থাকলে আপনার গৃহের প্রয়োজনীয় কাজ (মেরামত অথবা উন্নতি যাই হোক না কেন) যথাযথভাবে সম্পন্ন করা যাবে না, তখন পরিষদ হয়ত আপনাকে তাদের দেওয়া কোন থাকার জায়গায় অথবা তাদের কোন আবাসন শরিকের জায়গায় কাজ

শেষ না হওয়া অবধি থাকতে বলতে পারে। কাজ শেষ হয়ে যাবার পর আপনাকে জানানো হবে এবং তখন আপনাকে অস্থায়ী থাকার জায়গা খালি করে আপনার গৃহে ফিরে আসতে হবে।

#### বদবদল করা এবং মেরামত করা

- 2.8 বাড়িওলা হিসাবে, পরিষদের লিখিত অনুমতি না নিয়ে আপনি আপনার গৃহের উন্নতি, রদবদল এবং যোগ করতে পারবেন না। কোন সন্দেহ এবং ভুল বোঝাবুঝি দূর করার জন্য, স্যাটেলাইট ডিশ বসানো ঐ রকম একটি যোগ করা। পরিষদের অর্থোক্তিকভাবে অনুমতি দিতে আপত্তি করা উচিত নয়। এছাড়া আপনাকে সমস্ত প্রয়োজনীয় পরিকল্পনার অনুমতি এবং ভবন প্রবিধান অনুমোদন স্থানীয় পরিকল্পনা কর্তৃপক্ষ হিসাবে পরিষদের কাছ থেকে পেতে হবে।
- 2.9 আপনি যদি পরিষদের অনুমতি ছাড়া আপনার গৃহে উন্নতি, রদবদল অথবা যোগ করেন, পরিষদ আপনাকে সেগুলি সরিয়ে ফেলতে এবং আপনার গৃহকে পূর্ববর্তী অবস্থায় ফিরিয়ে আনতে অনুরোধ করতে পারে। লিখিতভাবে এই অনুরোধ করা হবে। আপনি যদি যথাযথ সময়ের ভিতর পরিষদের অনুরোধ না মানেন, তাহলে পরিষদ হয়ত উন্নতি, রদবদল অথবা যোগ করা জিনিস সরিয়ে ফেলবে এবং আপনার গৃহ পূর্ববর্তী অবস্থায় ফিরিয়ে আনবে। পরিষদ যদি সেইরকম করে, তার যুক্তিসংগত খরচ আপনাকে দিতে হবে।
- 2.10 আপনি পরিষদের লিখিত অনুমতি নিয়ে আপনার নিজের খরচে আপনার গৃহের কাঠামো অথবা বাইরের দিকের মেরামত এবং রং করতে পারেন। আপনার গৃহের বাইরের দিকের রং করার ক্ষেত্রে, পরিষদের অর্থোক্তিকভাবে অনুমতি দিতে আপত্তি করা উচিত নয়।

#### আপনার হিটিং খারাপ হয়ে গেলে ভাড়া থেকে ছাড়

- 2.11 আপনার সর্বমোট সাপ্তাহিক ভাড়ার মধ্যে (অনুচ্ছেদ 1.2 দেখুন) যদি জায়গা এবং জল গরম করার জন্য মাশুল ধরা থাকে, এবং এই পরিষেবা যদি 48 ঘন্টা বা তার বেশি সময় প্রদান না করা হয়, আপনি লিখিতভাবে তা জানালে, পরিষদ তার মতে উপযুক্ত টাকার পরিমাণ ভাড়ার খাতায় আপনার পক্ষে জমা করবে।

#### এই চুক্তির সমাপ্তি

- 2.12 আপনি পরিষদকে একটি সোমবার অন্তত চার সপ্তাহের একটি লিখিত নোটিস দিয়ে যে কোন সময় এই চুক্তি সমাপ্ত করতে পারেন।
- 2.13 যেখানে পরিষদকে আপনার গৃহের খালি ভোগদখল দিতে হবে এবং তারা আপনাকে উপযুক্ত বিকল্প থাকার জায়গা দেয় এবং এই চুক্তির 2.14 শর্ত মেনে চলে, আপনি চার সপ্তাহ নোটিসের পর আপনার গৃহ খালি করে দেবেন।
- 2.14 পরিষদ এই চুক্তি সমাপ্ত করতে পারে যদি :
- 2.14.1 আপনি শর্ত 1.6 ভঙ্গ করেন (আপনি আপনার গৃহ আপনার একমাত্র এবং প্রধান গৃহ হিসাবে ব্যবহার এবং ভোগদখল করবেন) অথবা শর্ত 2.12-এর অধীন আপনাকে চার সপ্তাহের লিখিত নোটিস দিয়ে।
- 2.14.2 এই চুক্তির অধীন আপনি আপনার কোন দায় অমান্য করেন (শর্ত 1.44 থেকে 1.54 পর্যন্ত ব্যতিক্রম) আপনাকে চার সপ্তাহের লিখিত নোটিস দিয়ে।
- 2.14.3 আপনি 1.44 থেকে 1.54 পর্যন্ত যে কোন শর্ত ভঙ্গ করেন, আপনাকে 4 সপ্তাহ পর্যন্ত নোটিস দিয়ে। ব্যতিক্রম ক্ষেত্রে পরিষদ হয়ত নিজের ইচ্ছা অনুযায়ী তৎক্ষণাৎ নোটিস দিতে পারে।

## এই চুক্তির পরিবর্তন

- 2.15 পরিষদ এই চুক্তির কোন পরিবর্তন অবশ্যই করবে না যার ফলে আপনার প্রজাস্বত্বের মেয়াদ কমতে পারে, কিন্তু এছাড়া পরিষদ এই চুক্তির শর্তাবলী পরিবর্তন করতে পারে যদি তারা নিম্নলিখিত প্রণালী অনুসরণ করে (অনুচ্ছেদ 3.1-এর অধীন নোটিসের ক্ষেত্র ছাড়া) :
- 2.15.1 পরিষদকে অবশ্যই আপনাকে নোটিস দিতে হবে এই চুক্তির যে অনুচ্ছেদে তারা পরিবর্তন করতে চায় অথবা এই চুক্তির কোন তারতম্য উল্লেখ করে;
- 2.15.2 অনুচ্ছেদের অথবা চুক্তির প্রস্তাবিত পরিবর্তনের বিষয়ে আপনি পরিষদের কাছে আপনার মতামত জানাতে পারেন অনুচ্ছেদ 2.15.1-এ উল্লেখিত নোটিসের 21 দিনের মধ্যে;
- 2.15.3 পরিষদ যদি আপনার কোন মন্তব্য বিবেচনা করে পরিবর্তন করার সিদ্ধান্ত নেয়, তাহলে পরিষদকে অবশ্যই একটি নোটিস অফ ভেরিয়েশন দিতে হবে এবং এই নোটিস দেবার 28 দিন পর ঐ পরিবর্তন কার্যকরী হবে।

## বিভাগ 3:

# আপনার এবং পরিষদের মধ্যে অতিরিক্ত চুক্তি

### ভাড়ার পরিবর্তন

- 3.1 এই চুক্তির অধীন আপনাকে যত টাকা ভাড়া দিতে হবে তা পরিষদ পরিবর্তন করতে পারে যদি তারা আপনাকে চার সপ্তাহের লিখিত নোটিস দেয়। তথাপি, জলের মাশুল হিটিংয়ের মাশুল অথবা সার্বজনীন প্রদত্ত পরিষেবা সংক্রান্ত অন্য কোন মাশুল যার মধ্যে থাকতে পারে তত্ত্বাবধান, মাঠের রক্ষাবেক্ষণ, সার্বজনীন আলো ইত্যাদির দরুণ সাপ্তাহিক ভাড়া বেড়ে যায় তাহলে পরিষদকে নোটিস দিতে হবে না। পরিষদ এই সব মাশুলের দরুণ বকেয়া আপনার কাছ থেকে আদায় করতে পারবে যেই তারিখ থেকে এই মাশুলগুলি প্রথম বাড়ে তখন থেকে।

### বিজ্ঞপ্তি দেওয়া

- 3.2 যখন পরিষদ আপনাকে কোন কিছু করার জন্য অনুমতি দেয়, সেটা তখনই বৈধ হবে যদি সেটা লিখিত এবং পরিষদের আবাসন পরিষেবা প্রদানের দ্বারা অথবা পক্ষে অথবা তার অনুমোদিত পরিচালন প্রতিনিধি দ্বারা স্বাক্ষরিত থাকে। আপনি যদি পরিষদকে কোন নোটিস দিতে চান তাহলে সেটা অবশ্যই লিখিত হতে হবে এবং সেটা বিলি করা হয়েছে ধরে নেওয়া হবে যদি সেটা অগ্রীম মাশুল দেওয়া সাধারণ প্রথম শ্রেণীর ডাকে পরিষদের হেড অফ হাউজিং সার্ভিসেস, সিডার উড হাউজ, 2d ফুলবোর্ন রোড, ওয়ালথামস্টো, লন্ডন E17 (2d Fulbourne Road, Walthamstow, London E17) অথবা তার নিযুক্ত পরিচালন প্রতিনিধির রেজিস্টার্ড অফিসে পাঠানো হয়।
- 3.3 আপনাকে নোটিস দেওয়া হয়েছে ধরে নেওয়া হবে যদি সেটা আপনার গৃহে রেখে আসা হয় অথবা অগ্রীম মাশুল দেওয়া প্রথম শ্রেণীর ডাকে আপনার গৃহে পাঠানো হয় অথবা আপনার শেষ জ্ঞাত ঠিকানায় রেখে আসা হয় অথবা অগ্রীম মাশুল দেওয়া প্রথম শ্রেণীর ডাকে পাঠানো হয়।

### যৌথ এবং একক দায়

- 3.4 যেখানে দুই বা তার বেশিজন ভাড়াটে, সেখানে এই চুক্তির অনুচ্ছেদগুলি আপনাদের উভয়ের কাছে যৌথভাবে এবং এককভাবে প্রযোজ্য।

### ‘সেট অফ’ করার জন্য পরিষদের অধিকার

- 3.5 যদি কখনও আপনার ভাড়া বকেয়া থাকে কিন্তু আপনার প্রজাস্বত্বের সূত্রে পরিষদের কাছ থেকে আপনার পাওনা থাকে তাহলে পরিষদ আপনাকে সরাসরি টাকা দেবার বদলে আপনার ভাড়ার খাতায় সেই টাকা জমা করবে। পরিষদ এইভাবে টাকা পরিশোধ করলে আপনি তার বিজ্ঞপ্তি পাবেন।

### পরিষদের দ্বারা উন্নতি এবং রদবদল

- 3.6 পরিষদের আপনার গৃহে যে কোন অংশের উন্নতি বা রদবদল করার অধিকার আছে যেটার মেরামত করার দায়িত্ব তার।

আপনি যদি মারা যান এবং প্রজাস্বত্ব নিজে থেকে আপনার উত্তরসূরির কাছ না যায়

3.7 আপনি যদি মারা যান এবং প্রজাস্বত্ব স্বয়ংক্রিয়ভাবে আইনত অনুমোদিত প্রজাস্বত্বের উত্তরসূরির কাছে না যায়, তাহলে পরিষদ রাজি আছে যে তারা :

3.7.1 ছেড়ে দেওয়ার নোটিসের দ্বারা আপনার প্রজাস্বত্ব নির্ণয় করবে যে নোটিস আপনার নির্বাহক তত্ত্বাবধায়ক অথবা আপনার এস্টেটের লাভবান ব্যক্তি (অথবা পাবলিক ট্রাস্টি) অথবা অন্যরকম এবং অতঃপর-কে দেওয়া হয়েছিল।

3.7.2 নিম্নলিখিত অনুচ্ছেদ (3) সাপেক্ষে আপনার সঙ্গীকে একটি একই জায়গার প্রজাস্বত্বের প্রস্তাব দিন সেই তারিখের যেই তারিখে আপনার প্রজাস্বত্ব উল্লিখিত (1) অনুযায়ী নির্ণয় করা হয়েছে, অবশ্য যদি নিম্নলিখিত সবগুলি শর্ত পূরণ করা হয়:-

(a) আপনার মৃত্যু পর্যন্ত বারো মাস আগেগোড়া আপনার সঙ্গী আপনার সাথে বাস করেছে, এবং

(b) আপনার মৃত্যুর তারিখ পর্যন্ত আপনার সঙ্গী ঐ গৃহ তার একমাত্র অথবা প্রাধান গৃহ হিসাবে ভোগদখল করেছে, এবং

(c) এই শর্তের দরুণ আপনাকে প্রজাস্বত্বের মঞ্জুর করা হয়নি অথবা লন্ডনের ওয়ালথাম ফরেস্ট বার এবং তার একজন ভাড়াটের সাথে করা পূর্ববর্তী প্রজাস্বত্বের চুক্তি অনুরূপ কোন শর্তের দ্বারা এবং

(d) আপনি 1985 হাউজিং অ্যাক্ট এর ধারা 88-এর সংজ্ঞা অনুযায়ী প্রজাস্বত্বের একজন উত্তরসূরির আওতায় পড়েন নি, এবং

(e) আপনি একটি সুরক্ষিত প্রজাস্বত্বের অধীন ছিলেন না এবং হাউজিং অ্যাক্ট 1985-এর ধারা 88(4) অনুসারে স্পষ্টত ঘোষণা করা হয়নি যে এটি একটি অউত্তরসূরি প্রজাস্বত্ব ছিল।

(f) পরিষদ যদি বিবেচনা করে যে ঐ একই গৃহে যে ব্যক্তি অনুচ্ছেদ 2(a) থেকে 2(e) পর্যন্ত শর্ত পালন করে তাকে প্রজাস্বত্ব দেওয়া যেতে পারে, সেই ব্যক্তির প্রয়োজনের তুলনায় ঐ থাকার জায়গা বেশি ব্যাপক, পরিষদ ঐ ব্যক্তিকে একই গৃহের প্রজাস্বত্ব দেবে না কিন্তু আলাদা একটি গৃহের প্রজাস্বত্ব দেবে যেটা সেই ব্যক্তির প্রয়োজন অনুযায়ী বেশি ব্যাপক নয়। এই ধরনের প্রজাস্বত্ব উল্লিখিত অনুচ্ছেদ 1-এ যেই তারিখে আপনার প্রজাস্বত্ব নির্ণয় করা হয়েছে সেই তারিখ থেকে শুরু হবে।

3.8 3.7.2 -এর “সঙ্গীর” মধ্যে আছে মৃত ভাড়াটের বহুকামী, সমকামী, উভয়কামী অথবা লিঙ্গ পরিবর্তন করা সঙ্গী।

## বিভাগ 4:

### পরিষদের পরিচালন প্রতিনিধি

4.1 কোন সময়ে, পরিষদ যদি আপনার গৃহের ব্যবস্থাপনার জন্য তার পক্ষে কাজ করার জন্য একজন পরিচালন প্রতিনিধিকে নিযুক্ত করে, তাহলে তার পরিচালন প্রতিনিধির কোন সিদ্ধান্ত অথবা মতামত পরিষদের বলে মান্য করা হবে।

These Terms and Conditions of the Tenancy Agreement tells you about your rights and responsibilities as a Waltham Forest Council tenant. If you would like to have a copy of this document in your own language, please contact Ascham Direct on 020 8496 4197 and quote AH 199.

This document will also be made available upon request in the following formats. Please ✓ the appropriate box and write your name, address and telephone number and return to the address below.

Audio Tape

Braille

Large Print

টেনেন্সী এগ্রিমেন্ট-এর এই টার্মস এন্ড কন্ডিশন বা শর্তাবলী ওয়ালথাম ফরেস্ট কাউন্সিলের টেনেন্ট বা ভাড়াটে হিসেবে আপনার অধিকার এবং দায়-দায়িত্ব সমূহের ব্যাপারে তথ্য দেবে। আপনি যদি এ ডকুমেন্টটির একটি কপি আপনার ভাষায় পেতে চান, তাহলে অনুগ্রহ করে অ্যাসচাম ডাইরেক্ট-এর সাথে AH 199 কোট উল্লেখ করে 020 8496 4197 এই নাম্বারে যোগাযোগ করুন।

Bengali

ટેનન્সী એગ્રીમેન્ટ (ભાડાખતના દસ્તાવેજ)ની આ શરતો અને નિયમો તમને વૉલ્ધમ ફોરેસ્ટ કાઉન્સિલના ભાડૂત તરીકે તમારા અધિકારો અને જવાબદારીઓ વિશે જણાવે છે. જો તમને આ દસ્તાવેજની નકલ તમારી પોતાની ભાષામાં જોઈતી હોય, તો કૃપા કરીને એશકેમ ડાયરેક્ટનો 020 8496 4197 પર સંપર્ક કરો અને AH 199 જણાવો.

Gujarati

Shuruudahan iyo Xeerarkan ku sabsan heshiisyada kireysiga ayaa kuu cadeynaaya xuquuqda iyo xaqa lagu leeyahey kireystaha guryaha Koonseelka ee Waltham Forest. Hadii aad nuqul qoraalkan afkaaga hooyo ku rabto, fadlan la soo xidhiidh Ascham Direct 020 8496 4197 adigoo sheeqaaya AH 199.

Somali

Bu Kira Sözleşmesinin Hüküm ve Şartları, Waltham Forest Belediyesi'nin kiracısı olarak sizin hak ve sorumluluklarınızı açıklamaktadır. Eğer bu belgenin kendi dilinize çevrilmiş bir kopyasını almak isterseniz, lütfen 020 8496 4197 numaralı Ascham Direct hattını arayınız ve AH 199 referans numarasını belirtiniz.

Turkish

یہ کرایہ داری کے معاہدے کے شرائط و ضوابط آپ کو والتھم فاریسٹ کاؤنسل کے کرایہ دار کی حیثیت سے آپ کے حقوق و ذمہ داریوں کے بارے میں بتاتے ہیں۔ اگر آپ کو اس دستاویز کی نقل اپنی زبان میں چاہیے، تو برائے کرم ایشیم ڈائریکٹ سے 020 8496 4197 پر رابطہ کریں اور حوالہ نمبر AH 199 بتائیں۔

Urdu

Tenant's name: \_\_\_\_\_

Tenant's address: \_\_\_\_\_

Telephone number: \_\_\_\_\_

**Please return to:**

Ascham Homes, Policy and Development Team,

1 Wood Street. Walthamstow. London. E17 3JU